**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল
স্থানীয় সরকার শাখা
www.barisaldiv.gov.bd

নম্বর: ৪৬.১০.০০০০.০০০.০০৯.১১.০০০৩.২৫.৫৮০

তারিখ: ৩০ অগ্রহায়ণ ১৪৩২ / ১৫ ডিসেম্বর ২০২৫

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগের ১৮ আগস্ট ২০২৫ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৯৯.১১.০০১.২৫-১৫২ নম্বর স্মারকের পরিপ্রেক্ষিতে বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল এর স্থানীয় সরকার শাখার রাজস্বখাতভুক্ত নিম্নোক্ত শূন্য পদসমূহ অস্থায়ী ভিত্তিতে সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও বরিশাল বিভাগের আওতাধীন জেলাসমূহের (বরিশাল/পটুয়াখালী/ভোলা/পিরোজপুর/বরগুনা/ঝালকাঠি) স্থায়ী বাসিন্দাগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রম | পদের নাম এবং বেতন গ্রেড ও স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | প্রয়োজনীয় যোগ্যতা (শিক্ষাগত ও অন্যান্য) {বিভাগীয় কমিশনার অফিসের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ (সংশোধিত, ২০২৪) অনুযায়ী} |
|---|---|---|---|
| ০১ | গাড়িচালক<br>বেতন গ্রেড: ১৬<br>বেতন স্কেল: ৯,৩০০-২২,৪৯০/- | ০২ (দুই)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) বিআরটিএ কর্তৃক প্রদত্ত বৈধ লাইসেন্সসহ হালকা বা ক্ষেত্রমত, ভারী যানবাহন চালনায় পারদর্শী। |
| | মোট | ০২ (দুই) টি | |

**আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে।**

০১. আগ্রহী প্রার্থীগণকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯.১২.২০১৪ খ্রি. তারিখের ০৫.১১০.০০০০.০০.০০.০৮৯.১৪-০১ নম্বর স্মারকে জারিকৃত পরিপত্র অনুযায়ী প্রস্তুতকৃত নির্ধারিত চাকরির আবেদন ফরমে স্পষ্টাক্ষরে স্বহস্তে পূরণপূর্বক আবেদন করতে হবে। আবেদন ফরম জনপ্রশাসন মন্ত্রণালয়ের https://www.mopa.gov.bd, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল এর https://www.barisaldiv.gov.bd এবং বাংলাদেশ ফরমের https://forms.portal.gov.bd ওয়েবসাইট অথবা বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল এর স্থানীয় সরকার শাখা (কক্ষ নম্বর: ৩০৭) হতে অফিস চলাকালীন সময়ে সংগ্রহ করা যাবে।

০২. আবেদনকারী প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও বরিশাল বিভাগের আওতাধীন জেলাসমূহের (বরিশাল/পটুয়াখালী/ভোলা/পিরোজপুর/বরগুনা/ঝালকাঠি) স্থায়ী বাসিন্দা হতে হবে। যদি কোন ব্যক্তি এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন বা বিবাহ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নন, তবে তিনি এ নিয়োগের ক্ষেত্রে যোগ্য প্রার্থী হিসেবে বিবেচিত হবেন না। বিবাহিতা মহিলা প্রার্থীগণকে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করে আবেদন করতে হবে।

০৩. চাকুরির আবেদন ফরমের সকল কলাম যথাযথভাবে পূরণ করতে হবে। এক্ষেত্রে প্রার্থীর অর্জিত সকল শিক্ষাগত যোগ্যতা উল্লেখ করতে হবে। অন্যথায় চাকুরির জন্য নির্বাচিত হলে আবেদনে উল্লিখিত সনদ ব্যতীত চাকুরির আবেদনের পূর্বে অর্জিত অন্যান্য শিক্ষাগত যোগ্যতার সনদপত্র অন্তর্ভুক্ত করার কোন সুযোগ থাকবে না।

০৪. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের (নিয়োগকারী কর্তৃপক্ষ) মাধ্যমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।

০৫. আবেদনপত্র আগামী ২০.০১.২০২৬ খ্রি. তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল-এ ঠিকানায় শুধুমাত্র সরকারি ডাকযোগে পৌঁছাতে হবে। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত, অসম্পূর্ণ, ত্রুটিযুক্ত বা স্বাক্ষরবিহীন আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৬. খামের উপর মোটা অক্ষরে পদের নাম ও কোটা (যদি থাকে), নিজ জেলা এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট করে লিখতে হবে।

০৭. বর্ণিত পদে নিয়োগের ক্ষেত্রে আবেদনকারীর বয়স ২০.০১.২০২৬ খ্রি. তারিখে অবশ্যই ১৮ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৮. আবেদনকারীকে সম্প্রতি তোলা (৫x৫) সেন্টিমিটার সাইজের ০৩ (তিন) কপি রঙ্গিন ছবি আবেদন ফরমের সাথে সংযুক্ত করতে হবে এবং ছবির অপর পাশে/পিছনে প্রার্থীকে অবশ্যই স্পষ্ট করে নাম লিখতে হবে।

০৯. আবেদনকারীকে পরীক্ষার ফি বাবদ ১-০৭৪১-০০০০-২০৩১ নম্বর কোডে পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল বরাবর অফেরতযোগ্য ১০০/- (একশত) টাকা মূল্যমানের ট্রেজারি চালান বাংলাদেশ ব্যাংক/পসানালী ব্যাংকের যে কোনো শাখায় জমা দিয়ে চালানের মূলকপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে এবং আবেদন ফরমের নির্ধারিত স্থানে চালান নম্বর, তারিখ, ব্যাংক ও শাখার নাম উল্লেখ করতে হবে।

১০. হালকা বা ক্ষেত্রমত ভারী যানবাহন চালনায় পারদর্শিতার ক্ষেত্রে বিআরটিএ কর্তৃক প্রদত্ত বৈধ লাইসেন্সের সত্যায়িত ফটোকপি আবেদন ফরমের সাথে সংযুক্ত করতে হবে।

১১. কোটার ক্ষেত্রে সরকার কর্তৃক প্রণীত সর্বশেষ বিধি অনুসরণ করা হবে। এক্ষেত্রে আবেদনকারী মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা, বীরাঙ্গনার সন্তান, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের হলে সে মর্মে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট/প্রমাণক এর সত্যায়িত ফটোকপি আবেদন ফরমের সাথে সংযুক্ত করতে হবে।

১২. নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রবেশপত্র ইস্যুর লক্ষ্যে প্রার্থীর নির্ভুল নাম ঠিকানা সম্বলিত ১০/- (দশ) টাকার অব্যবহৃত ডাকটিকেটসহ ১০"x৪.৫" সাইজের একটি ফেরত খাম আবেদন ফরমের সাথে সংযুক্ত করতে হবে।

১৩. ইস্যুকৃত প্রবেশপত্র লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য যথাযথ কর্তৃপক্ষকে প্রদর্শন করতে হবে। কোন ক্ষেত্রেই নতুন করে পুনরায় কোন প্রবেশপত্র ইস্যু করা হবে না।

১৪. নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে নিয়োগ বিধিমালা অনুসারে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। কেবল লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন।

১৫. লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার ভ্রমণ ভাতা বা দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।

১৬. লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য নিম্নলিখিত সনদপত্র/কাগজপত্রের মূলকপি প্রদর্শনসহ ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত এক সেট ফটোকপি দাখিল করতে হবে {সত্যায়নের ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার নাম, পদবি, পরিচিতি নম্বর (যদি থাকে) ও দাপ্তরিক ঠিকানা উল্লিখিত সিলসহ}:

(ক) সাম্প্রতিক সময়ে তোলা (৫x৫) সেন্টিমিটার সাইজের রঙিন ছবি-০২ (দুই) কপি;
(খ) প্রার্থীর আবেদনে উল্লিখিত সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অতিরিক্ত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রসহ);
(গ) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রার্থীর স্থায়ী ঠিকানা উল্লেখসহ নাগরিকত্ব সনদপত্র;
(ঘ) জাতীয় পরিচয়পত্র;
(ঙ) ইস্যুকৃত প্রবেশপত্র (ADMIT CARD);
(চ) বিআরটিএ কর্তৃক প্রদত্ত বৈধ লাইসেন্স;
(ছ) বীর মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান, ক্ষুদ্র-নৃ গোষ্ঠী এবং শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের কোটার প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র এবং বীর মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সাথে প্রার্থীর সম্পর্কের বিষয়টি উল্লেখপূর্বক পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি;
(জ) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি সনদপত্র।

১৭. জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত শূন্য পদ পূরণের ক্ষেত্রে "বিভাগীয় কমিশনার অফিসের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ (সংশোধিত, ২০২৪)" অনুসরণ করা হবে।

১৮. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান, কোটা এবং পরবর্তীতে নিয়োগ সংক্রান্ত সংশোধিত বা নতুন প্রণীত বিধি-বিধান অনুসরণ করা হবে।

১৯. নিয়োগ প্রক্রিয়া চলাকালীন বা চূড়ান্ত নিয়োগ সম্পন্ন হওয়ার পরেও কোন প্রার্থী কর্তৃক তথ্য গোপন করা বা ভুল তথ্য প্রদানের বিষয় বা দাখিলকৃত কাগজপত্র জাল/মিথ্যা/ভুয়া প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ আদেশ বাতিলকরণসহ যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২০. নিয়োগের ক্ষেত্রে কোন প্রকার সুপারিশ/তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে; এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

২১. চূড়ান্তভাবে বাছাইকৃত প্রার্থীর পুলিশ ভেরিফিকেশনে এবং স্বাস্থ্য পরীক্ষায় কোন প্রকার বিরূপ মন্তব্য পাওয়া গেলে তিনি নিয়োগ লাভে অযোগ্য বলে বিবেচিত হবেন।

২২. জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়নি এমন যে কোন বিষয়ে সংশ্লিষ্ট বিধি-বিধান অনুযায়ী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৩. নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন শর্ত পরিবর্তন/পরিবর্ধন/পরিমার্জন/সংযোজন করাসহ বিজ্ঞপ্তিটি স্থগিত/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


খোন্দকার আনোয়ার হোসেন
পরিচালক (যুগ্মসচিব)
☏ ০২৪৭৮৮৬৩৯৮৬
ই-মেইল: dlgdivcombarishal@mopa.gov.bd


ডিজি-২২৬৫/২৫ (২৩"x৪)